আপনার ৪র্থ গ্রেডের সন্তানকে কীভাবে ইংরেজি ভাষা শৈলীর সাফল্যে সহায়তা দিতে পারেন

চতুর্থ গ্রেডে, শিক্ষার্থীরা রিডিং, রাইটিং, স্পিকিং এবং লিসনিং-এর গুরুত্বপূর্ণ দক্ষতা গড়ে তোলা অব্যাহত রাখবে। তারা আরও চ্যালেঞ্জপূর্ণ সাহিত্য, নিবন্ধ এবং অন্যান্য তথ্য সূত্রের বিষয় পড়বে এবং তাদের শব্দভাণ্ডার বৃদ্ধি অব্যাহত রাখবে। তারা যা পড়েছে সেবিষয়ে টেক্সট থেকে বিস্তারিত অথবা তথ্য প্রদান করে স্পষ্টভাবে তার ব্যাখ্যা দেবে সেটিই প্রত্যাশিত।

যেসব কর্মকাণ্ড আপনি বাড়িতে করতে পারেন:

নিউ ইয়র্ক সিটিতে নতুন!

আপনার সন্তানকে এমন ভাব করতে বলুন যেমন সে নিউ ইয়র্ক সিটিতে কখনও ছিল না এবং প্রথমবারের মতো এসেছে। তাকে বেছে দিতে বলুন নিউ ইয়র্ক সিটির কোন ঐতিহাসিক স্থাপনাসমূহ (যেমন, ব্রুকলিন ব্রিজ)একজন নবাগত ভ্রমণকারীর জন্য সব থেকে গুরুত্বপূর্ণ অথবা আগ্রহের হতে পারে। লাইব্রেরিতে, এই ঐতিহাসিক স্থাপনাটির উপর তাকে কোন বই, নিবন্ধ, অথবা ওয়েবসাইট খুঁজে নিতে সহায়তা দিন। বই অথবা নিবন্ধটি পড়ার পর, আপনার মূল প্রশ্নে ফিরে যান: কেন একজন নবাগত ভ্রমণকারী এই স্থানটি পরিদর্শন করতে চাইবে?

দেখুন এবং সামনের কথা ভাবুন

আপনার সন্তানকে উপসংহারে পৌঁছুতে এবং পরবর্তীতে কী হতে পারে তা ভাবতে সহায়তা দিন। পরে আপনি যখন বাইরে যাবেন, এমন মানুষগুলো খুঁজে নিন যাদেরকে আপনি এবং আপনার সন্তান একসাথে পর্যবেক্ষণ করতে আগ্রহী হবেন। উদাহরণস্বরূপ, আপনারা সাবওয়ে স্টেশনে এমন লোকও পেতে পারেন যে কিনা কোন জায়গায় যাবার দিক-নির্দেশনা খুঁজছে। আপনার সন্তানকে এমন প্রশ্ন করুন যা তাকে কী ঘটছে সে সম্পর্কে একটি সিদ্ধান্তে পৌঁছুতে এবং পরবর্তীতে কী হতে পারে সে একটি ধারণা তৈরি করতে পারে। তুমি কী জানো এই লোকগুলি এখানে কেন এসেছে? পরে কী হতে যাচ্ছে তুমি কি তা জানো? এই লোকগুলি কি অনেকক্ষণ যাবত ট্রেনের জন্য অপেক্ষা করছে? তুমি তা কীভাবে বুঝলে?

এক নজরে সংবাদ

সংবাদের ব্যাপারে আলোচনা করুন। খবরগুলোর মধ্য থেকে একটি বেছে নিন, তারপর একসাথে পড়ুন, এবং এর অর্থ কী তা আপনার সন্তানের সাথে আলোচনা করুন। তারপর আপনার সন্তানকে একজন খবর পাঠকের ভূমিকায় দিয়ে কিছু শ্রোতার সামনে গল্পটি বলার সুযোগ দিন। আপনার ফোন ব্যবহার এর একটি চমৎকার ভিডিও করুন(যদি সম্ভব হয়)।

আপনার সন্তানকে সহায়তাদানের কিছু টুকিটাকি বিষয়:

- আপনার সন্তানকে একটি জার্নাল রাখতে সহায়তা দিন। বাড়ি এবং স্কুলে যা ঘটে অথবা আপনার সন্তান যেসব বিষয় মনে রাখতে চায়, সেসব জিনিসগুলো তাকে লিখে রাখতে উৎসাহিত করুন।
- বোঝার জন্য রিডিং অনুশীলন করতে একটি পারিবারিক রিডিং ক্লাবও চালু করতে পারেন। এর জন্য সবখানে আপনি ফ্রি-তে বিভিন্ন সরঞ্জাম পাবেন - আলোচনার জন্য প্যামপ্লেট, ব্রোসিওর এবং ফ্লায়ার।

বাড়তি তথ্যসূত্র:

http://www.engageny.org/parent-guides-to-the-common-core-standards

http://merriam-webster.com/game

আপনার 4খ গ্রেডের সন্তানকে কীভাবে ইংরেজি ভাষা শৈলীর সাফল্যে সহায়তা দিতে পারেন

চতুর্থ গ্রেডে, আপনার সন্তান আয়তন, ভর, এবং সময়ের পরিমাপ সংক্রান্ত সমস্যা সমাধান ছাড়াও কথার অংক সমাধান করতে যোগ, বিয়োগ, গুণ, এবং ভাগ ব্যবহার করবে। শিক্ষার্থীরা তাদের ভগ্নাংশের ধারণা গড়ে তোলা অব্যাহত রাখবে - সম ভগ্নাংশ তৈরি, সাইজের ভগ্নাংশের তুলনা, ভগ্নাংশের যোগ এবং বিয়োগ, এবং ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা দিয়ে গুণ করা।

যেসব কর্মকাণ্ড আপনি বাড়িতে করতে পারেন:

গুণের নামতা

আপনার সন্তানকে গণিতের বাক্যাংশের সাথে পরিচিত হতে সহায়তা করুন, যেমন "গুণের নামতা"। আপনার সন্তানকে "গুণের নামতা" বাক্যাংশটি ব্যবহার দুটি সংখ্যার তুলনা করতে বলুন। যেমন, এক স্লাইস পিৎজার দাম যদি ২ ডলার হয় এবং ২০ ডলারে একটি পুরো পিৎজা পাওয়া যায়, তাহলে পুরো পিৎজার দাম ২ ডলারের কত গুণ হলো? (২ ডলারে এক স্লাইস পিৎজা পাওয়া গেলে ২০ ডলার পিৎজার দাম ১০ গুণ হবে।)

কাগজের ভগ্নাংশ

আপনার সন্তানকে সম ভগ্নাংশ তৈরি এবং তার বিবরণ দিতে বলুন। যেমন, শিক্ষার্থীদের এক শিট কাগজ নিতে বলুন, কাগজটি অর্ধেক করে ভাঁজ করতে দিন, এবং তারপর ভাঁজটি খুলে অর্ধেকাংশ শেড করুন। তারপর শিক্ষার্থীদেরকে ঐ একই কাগজের শিটটি নিয়ে আবার অর্ধেক করে ভাঁজ করতে দিন। কাগজটির ভাঁজ খুলুন এবং শিক্ষার্থীদেরকে যে অংশটি শেড করা হয়েছে তা নিয়ে আলোচনা করতে বলুন। আপনার সন্তানকে 1/2 =2/4 - এ দুটি ভগ্নাংশ যে এক তা নিয়ে আলোচনা করতে উৎসাহিত করুন। (শিক্ষার্থীরা এই পদ্ধতিতে অন্য সব সমান ভগ্নাংশ তৈরি অব্যাহত রাখতে পারে।)

খাবার এবং ভগ্নাংশ

ডিনার বা রাতের খাবারের সময় ভগ্নাংশ নিয়ে আলোচনার একটি চমৎকার সুযোগ থাকে। ডিনারের সময় একটি খাবার বেছে নিন যা আপনি সমান দুই ভাগে ভাগ করতে পারেন, যেমন ম্যাশড় আলু অথবা এক প্লেট ব্রকলি। আপনার সন্তানকে প্রতিটি খাবার এমনভাবে ভাগ করতে বলুন যাতে প্রত্যেকে সমান ভাগ পায়।
উদাহরণস্বরূপ:
আমাদের পুরো এক পাত্র ম্যাসড় আলু আছে, এবং পরিবারে চারজন সদস্য রয়েছে। প্রতি পরিবার সদস্য পুরো পাত্রের কতটুকু অংশ পাবে? *উত্তর: 1/4)*

আপনার সন্তানকে সহায়তাদানের কিছু টুকিটাকি বিষয়:

- আপনার সন্তানকে জিজ্ঞেস করুন এক ডলারে কতগুলো কোয়ার্টার অথবা ডাইম বা নিকেল আছে। যেমন, এক ডাইম - এক ডলারের 1/10 ভাগ। তাকে এইসব পরিবর্তন স্বতোক্রিয়ভাবে করতে সহায়তা করুন।
- ভগ্নাংশের ধারণা নিয়ে অনুসন্ধানের সুযোগ প্রদানে আপনার সন্তানকে দৈনন্দিন উপকরণ ব্যবহার করতে দিন। আপনার সন্তানকে সঙ্গে নিয়ে রান্না করুন এবং রান্নার প্রণালী অনুসরণও একযোগে করুন। উদাহরণস্বরূপ, পরিমাপের কাপ ব্যবহার করুন যাতে আপনার সন্তান দেখতে পারে 1/2 কাপ ভরতে কত 1/4 কাপ দরকার হয়।

বাড়তি তথ্যসূত্র:

http://commoncoreworks.org/site

http://powermylearning.org